দৈনিক ইত্তেফাক

তারিখ 04 NOV 1995
পৃষ্ঠা ১২ কলাম ৩

৭৫.

## বিএম কলেজকে ভার্সিটি ঘোষণার দাবীতে মিছিল

বরিশাল অফিস ॥ বি, এম কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় এখনও ঘোষণা না করায় ঐ কলেজের ছাত্ররা বৃহস্পতিবার রাতে শহরে বিক্ষোভ মিছিল বাহির করে এবং বিভাগীয় কমিশনার ও জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ করে।

গতকাল (শুক্রবার) একই দাবীতে ক্যাম্পাসে সর্বদলীয় ছাত্র নেতাদের এক সভা অনুষ্ঠিত হয়। সাবেক ভি,পি মাহাবুবুল হক নান্নু মিয়াকে আহ্বায়ক করিয়া ২১ সদস্যবিশিষ্ট কমিটি গঠন করা হয়। আজ (শনিবার) শহরে ঐ দাবীতে মিছিল বাহির হইবে।